রিসোর্সেস

নীচে কিছু নম্বর রয়েছে যা আপনার পক্ষে সহায়ক হতে পারে। আপনি আরও কোনও কাজের নম্বর বা রিসোর্স পেলে তা রেকর্ড করতে এই স্থানটি ব্যবহার করুন।

এশিয়ান/প্রশান্ত মহাসাগরীয় আইল্যান্ডার
ডোমেস্টিক ভায়োলেন্স রিসোর্স (DVRP)
(202) 464-4477
http://www.dvrp.org

দ্য ন্যাশনাল ডোমেস্টিক ভায়োলেন্স হটলাইন
1800-799-SAFE (7233)
http://www.ndvh.org/

এশিয়ান প্যাসিফিক আমেরিকান লিগ্যাল রিসোর্স সেন্টার (APALRC)
(202) 393-3572
http://www.apalrc.org/dp/

DVRP

একসাথে, আমরা করতে পারি।

প্রশ্ন এবং উত্তর

ভারজিনিয়া মেরিল্যান্ড ওয়াশিংটন ডিসি

"ঘরোয়া হিংসা" কী?

আপনার সঙ্গী কি আপনাকে অনেক কারণে দোষারোপ করে? সে কি আপনাকে অপমানজনক নামে ডাকে?

আপনার সঙ্গী কি আপনার প্রতি অত্যন্ত ঈর্ষাপরায়ণ এবং সে কি আপনাকে বন্ধু ও পরিবারের সাথে কথা বলতে অনুৎসাহিত করে? সে কি আপনাকে চাকরী পেতে বা ইংরাজী শিখতে বাধা দেয়?

আপনার সঙ্গী কি কখনও আপনার বাচ্চাদের আপনার কাছ থেকে নিয়ে যাওয়ার হুমকী দিয়েছে? সে কি আপনাকে বার করে দেবে বলেছে?

আপনার সঙ্গী কি আপনার ক্ষতি করবে বলেছে? আপনার সঙ্গী কি আপনাকে কখনও আঘাত করেছে? আপনার অনিচ্ছা সত্ত্বেও সে কি আপনাকে সম্ভোগের জন্য বলপ্রয়োগ করেছে?

সে কি কখনও আপনার প্রতি হিংসাশ্রয়ী হয়েছে? তার খারাপ আচরণের জন্য সে কি কখনও ড্রাগ বা অ্যালকোহলকে দোষারোপ করেছে? সে কি কখনও দাবি করেছে যে তার কৃতকর্মের জন্য দায়ী আপনি? সে কি কখনও এমন আচরণ করেছে যাতে আপনার নিজেকে পাগল বলে মনে হয়েছে?

এর কোনও একটি প্রশ্নে আপনার উত্তর যদি হ্যাঁ হয়, তবে আপনি আর একা নন। আপনার মতো অনেক মহিলা একই অবস্থায় আছে। আপনার সঙ্গীর আচরণে আপনার কোনও দোষ নেই। আপনার হাতের কাছে সাহায্য রয়েছে।

সুরক্ষা: আপনি কি একই বাড়িতে থাকা নিরাপদ বলে মনে করেন না? আপনি যখন আপনার দুর্ব্যবহার করা সঙ্গীর সাথে না থাকেন তখনও নিজেকে নিরাপদ বলে মনে করেন না? আপনি কি আপনার বাচ্চার নিরাপত্তার বিষয়ে ভীত? আমাদের অ্যাডভোকেট বা অধিবক্তারা একটি সুরক্ষা পরিকল্পনা নিয়ে আপনার কাছে আসতে পারেন।

আমরা কী করতে পারি?

আপনার বাড়িতে হিংসা থামাতে আপনাকে সাহায্যের জন্য প্রচুর পরিষেবা উপলভ্য রয়েছে: শেল্টারস, হাসপাতাল, পুলিশ, আইনী সাহায্য এবং অন্যান্য কমিউনিটি পরিষেবাদি। আপনি নিজের এবং সন্তানের সহায়তার জন্য সর্বজনীন সুবিধাগুলিরও যোগ্য হতে পারেন।

আবাসন: আপনি যদি ঘরোয়া হিংসার পরিস্থিতিতে থাকেন এবং ভাড়া সংক্রান্ত সহায়তার প্রয়োজন হয়ে থাকে এবং ভাড়াটিয়া হিসাবে আপনার অধিকার সংক্রান্ত প্রশ্ন থেকে থাকে তবে আপনি অধিবক্তা বা অ্যাডভোকেটের সাথে কথা বলতে পারেন।

DVRP একটি অলাভজনক সংস্থা, এটি এশিয়ান/প্যাসিফিক আইল্যান্ডার (A/PI) সম্প্রদায়ে যারা ঘরোয়া হিংসার শিকার তাদের সহায়তার জন্য কাজ করে। আমরা নির্দিষ্ট করে A/PI মহিলাদের সহায়তা করতে প্রশিক্ষিত আমাদের দ্বিভাষিক অ্যাডভোকেটদের মাধ্যমে নিখরচায় এবং গোপনীয়তার সাথে তাদের সংস্থানগুলিতে অ্যাক্সেস বাড়িয়ে এবং তাদের নিম্নলিখিতগুলি সহ তাদের সুরক্ষার উন্নতিতে সহায়তা দিই:

- ঘরোয়া হিংসা সম্পর্কিত তথ্য
- নিকট সহায়তা
- সুরক্ষা পরিকল্পনা
- ইন্টারপ্রিটেশন এবং অনুবাদ
- আদালত, আইন এবং সামাজিক পরিষেবা সরবরাহকারীদের কাছে সাহচর্য
- শেল্টারের প্রসঙ্গ, আইনী এবং সামাজিক পরিষেবাদির জন্য উল্লেখ;শেল্টারের
- আর্থিক ক্ষমতাপ্রদান এবং সামাজিক দক্ষতার বিকাশ; এবং
- প্রয়োজন অনুসারে অন্যান্য পরিষেবা

আপনি যদি কোনও অভিবাসী বা উদ্বাস্তু হন, তবে আপনি কিছু অনন্য চ্যালেঞ্জের মুখোমুখি হন। মনে রাখবেন, দুর্ব্যবহার পেতে কেউই চায়না। আপনার কাগজপত্র না থাকলেও আপনি সহায়তা পেতে পারেন।

আপনার অঞ্চলে কোনও অ্যাডভোকেটের সাথে সংযুক্ত থাকতে এবং পরিষেবাগুলি সম্পর্কে তথ্যের জন্য সকাল 10টা থেকে সন্ধ্যে 6টার মধ্যে DVRP (202-464-4477) তে কল করুন।

আপনি নিজেকে এবং নিজের সন্তানদের সুরক্ষিত করতে কী করতে পারেন সে সম্পর্কে আরও তথ্যের জন্য পড়ুন।

শেল্টারস: শেল্টারগুলি আপনার ও আপনার সন্তানের থাকার এবং অন্যান্য সহায়ক পরিষেবাগুলির জন্য একটি নিরাপদ জায়গা সরবরাহ করে। শেল্টারগুলি আপনার নিজস্ব প্রয়োজন পূরণের পক্ষে উপযুক্ত হতে পারে। আপনার অঞ্চলের শেল্টারগুলি সম্পর্কে যদি আপনি আরও জানতে চান তবে আপনি কোনও অ্যাডভোকেটের সাথে কথা বলতে পারেন।

আমি যদি বিপদে পড়ি তবে আমার কি বাড়ি ছাড়া উচিত? হ্যাঁ। বন্ধুর বাড়িতে বা কোনও নির্যাতিতা মহিলাদের জন্য আশ্রয়ে যান। শেল্টারগুলি সাধারণত বিনামূল্যে হয় এবং আপনার সম্প্রদায়ে উপলভ্য অন্যান্য পরিষেবাগুলির জন্য তথ্য সম্বলিত হয়।

আমার কি পুলিশে খবর দেওয়ার দরকার আছে? হ্যাঁ, ঘরোয়া হিংসা আইন বিরুদ্ধ।

> **পুলিশকে কী জানাতে হবে:**
> “This is an emergency. I am a victim of domestic violence. My name is __(*name*)__ I speak __(*language*)__ and I am at __*location/address*)__ .
>
> “এটি একটি জরুরী পরিস্থিতি। আমি ঘরোয়া হিংসার শিকার। আমার নাম __(নাম)__ । আমি __(ভাষাতে)__ কথা বলি এবং আমি থাকি __(আশেপাশের জায়গার নাম/ ঠিকানা)__ ।

- পুলিশ আপনাকে ও আপনার সন্তানকে নিরাপদ জায়গায় নিয়ে যেতে পারে
- যদি তারা মনে করে কোনও অপরাধ সংঘটিত হয়েছে তবে তারা আপনার উপর দুর্ব্যবহারকারীকে গ্রেপ্তার করতে পারে
- আধিকারিকটি যদি আপনার ভাষায় কথা বলতে না পারেন তবে, আপনার হয়ে ব্যাখ্যা করার জন্য আপনার সন্তান বা দুর্ব্যবহারকারী ছাড়া অন্য কারওর সন্ধান করুন।
- কোনও প্রতিবেদন সম্পূর্ণ করার জন্য সর্বদা পুলিশ আধিকারিকটিকে জিজ্ঞাসা করুন এবং ভবিষ্যতের কোনও রেফারেন্সের জন্য ঘটনার সংখ্যাটির প্রতিবেদন ও পুলিশ আধিকারিকটির নাম ও ব্যাজ নম্বরটি জেনে নিন।
- উদ্বিগ্ন হবেন না; ইমিগ্রেশন অ্যান্ড ন্যাচারালাইজেশন সার্ভিসেস (INS)–এ ঘরোয়া হিংসার প্রতিবেদনকারী কোনও মহিলাকে পুলিশ ফেরাবে না।

> **সহায়ক গোষ্ঠীসমূহ:** আপনার মতো একই পরিস্থিতিতে পড়া অন্য কারওর সাথে কথা বলা কী কার্যকর হবে? আমাদের অ্যাডভোকেটরা আপনার অঞ্চলে সহায়ক গোষ্ঠীগুলির বিষয়ে আপনার সাথে তথ্য ভাগ করে নিতে পারেন।

আমি সুরক্ষার আদেশের কথা শুনেছি। এটি কী করে? কোনও সুরক্ষার আদেশ আপনার উপর দুর্ব্যবহারকারীকে আপনার কাছে আসতে, আক্রমণ করতে, যৌন নিগ্রহ করতে বা আপনার, আপনার সন্তান বা পরিবারের অন্যান্য সদস্যদের সাথে যোগাযোগ করতে বাধা দেয়। সুরক্ষার আদেশ পাওয়ার জন্য আপনার নাগরিক হওয়া বা আইনী বসবাসকারী হওয়ার প্রয়োজন নেই।

আপনার স্থানীয় পুলিশ স্টেশন বা আদালত থেকে আপনি কোনও সুরক্ষার আদেশ পেতে পারেন। মনে রাখবেন, সুরক্ষামূলক আদেশ পাওয়ার জন্য আপনার বাড়ি ছাড়ার প্রয়োজন নেই। আরও তথ্যের জন্য আপনার DVRP অ্যাডভোকেটকে জিজ্ঞাসা করুন।

ওয়াশিংটন ডিসিতে, সুরক্ষামূলক আদেশটি 1 বছর অবধি থাকতে পারে তবে ডি.সি. আদালত থেকে সুরক্ষাটি পেতে কমপক্ষে 1টি ঘটনা অবশ্যই ডি.সি.তে ঘটতে হবে।

ভার্জিনিয়াতে, তিনটি ভিন্ন ধরণের সুরক্ষা আদেশ রয়েছে: আপৎকালীন, প্রাথমিক এবং স্থায়ী। আপৎকালীন আদেশটি 72 ঘন্টা অবধি কার্যকর থাকে, প্রাথমিক সুরক্ষা আদেশটি 15 দিনের জন্য কার্যকর থাকে এবং স্থায়ী সুরক্ষাটি 2 বছর অবধি বলবত থাকতে পারে।

মেরিল্যান্ডে, আপনি কোনও সুরক্ষা আদেশ বা কোনও শান্তির আদেশের জন্য যোগ্য বলে বিবেচিত হতে পারেন। শান্তির আদেশ 6 মাস অবধি কার্যকর থাকে এবং সুরক্ষামূলক অধিকারগুলির জন্য যোগ্য নয় এমন ধরণের কিছু বিশেষ দুর্ব্যবহার ভোগকারীকে সুরক্ষা সরবরাহ করে।

আমার স্বামীর সহায়তা ছাড়া আমি কীভাবে আইনত স্থায়ী বসবাসের অনুমতি পেতে পারি? দ্য ভায়োলেন্স এগেইনস্ট উওম্যানস অ্যাক্ট (VAWA) বিবাহিত মহিলাদের দুটি উপায়ে মার্কিন নাগরিকত্ব পেতে বা তাদের বসবাসের জন্য আইনত স্থায়ী বসবাসের সুযোগ দেয়। প্রথমটিকে বলা হয় “সেল্ফ-পিটিশনিং”। আপনার স্বামীর উপর নির্ভর না করে INS-এর কাছে আপনার বসবাসের জন্য আবেদন করা, আপনি নিজের জন্য এবং আপনার সন্তানের জন্য আবেদন নিজেই আবেদন করতে পারে।

প্রক্রিয়াটিতে আপনার স্বামীর কোনও ভূমিকা থাকবে না এবং আপনি বসবাসের আবেদন করেছেন তা জানতে পারবে না। আইনের জটিলতার জন্য, আপনার সহায়তার জন্য শেল্টারের কর্মী, অভিবাসন আইন বিশেষজ্ঞ বা ব্রোশিওরের পিছনে তালিকাবদ্ধ এজেন্সিগুলির একটির সাথে পরামর্শ ব্যতীত INS-এ যাওয়া উচিত নয়। দ্বিতীয় পদ্ধতিটিতে বলা হয় “ক্যান্সেলেশন অফ রিমুভাল।” এই পদ্ধতিটি আপনার কাছে কেবল তখনই উপলভ্য হবে যদি আপনি বহিষ্কারের প্রক্রিয়ায় থাকেন বা আপনাকে রাখা যেতে পারে।

আপনি যদি বাতিলের জন্য যোগ্য হয়ে থাকেন, আদালত আপনার স্থান পরিবর্তনকে স্থগিত করে বসবাসের অনুমতি দিতে পারে। তবে, আবেদন করার আগে আপনাকে অবশ্যই স্থান পরিবর্তনের স্থিতিতে থাকতে হবে, পদক্ষেপ নেওয়ার আগে কোনও অভিবাসন উকিলের সাথে অবশ্যই দেখা করুন।

আপনি যদি VAWA-র জন্য যোগ্য না হয়ে থাকেন হতাশ হবেন না। অভিবাসন স্থিতি পাওয়ার অন্যান্য উপায় থাকতে পারে। করার জন্য শ্রেষ্ঠ উপায়টি হ’ল কোনও অভিবাসন বা দেশীয় হিংসার অ্যাডভোকেটের সাথে আপনার পরিস্থিতিটি নিয়ে আলোচনা করা। INS-কে কল করবেন না।

আমি যদি আমার সঙ্গীকে ছেড়ে চলে যাই তবে সে আমার সন্তানদের নিয়ে যাবে বলে হুমকী দিয়ে রেখেছে। আমি কি করতে পারি? যদি আপনার স্বামী/ঘনিষ্ঠ সঙ্গী আপনার সন্তানদের নিয়ে যাওয়ার হুমকী দিতে থাকে বা তাদের তার নিজের দেশে নিয়ে যায়, তবে আপনার জানা উচিত আপনার কাছে বিকল্প খোলা আছে এবং আইন রয়েছে যা আপনার পক্ষে সহায়ক হবে। DVRP-এর সাথে যোগাযোগ করে নিজেকে এবং নিজের সন্তানদের কীভাবে সুরক্ষিত করবেন সে সম্পর্কে আরও জানুন।

স্বামীকে ত্যাগ করলে আমি কীভাবে নিজেকে এবং আমার সন্তানদের প্রতিপালন করব? আপনি যদি স্বামীর থেকে আলাদাও থাকেন, যদি তাকে কখনও বিবাহ না করে থাকেন এবং অভিবাসন স্থিতি নির্বিশেষে আপনার সন্তানদের প্রতিপালনের দায়িত্ব আইন অনুসারে তাদের পিতার। আপনার রাজ্যে কীভাবে সন্তানদের প্রতিপালন পাবেন সে সম্পর্কে জানতে আপনার কোনও পারিবারিক উকিল বা ঘরোয়া হিংসা অ্যাডভোকেটের সাথে যোগাযোগ করা উচিত।কিছু বিবাহিত মহিলাও স্বামীর সহায়তা বা ভরণপোষণ পাওয়ার যোগ্য হতে পারে।

আইনত স্থায়ী বসবাসকারীরা তাদের কাজ করার যোগ্যতা দেখানোর জন্য তাদের “গ্রিন কার্ড” বা বসবাসের সম্পর্কিত কার্ডগুলি প্রদর্শন করতে পারে। উদ্বাস্তু এবং অন্যান্য অভিবাসীদের কাজের অনুমতি পাওয়ার জন্য আবেদন করতে হবে। কোনও অভিবাসনের উকিল আপনি কাজের পাওয়ার যোগ্য কিনা তা আপনাকে জানাতে পারবেন। আপনার কাজ করার জন্য ভুয়ো কাগজ বা মার্কিন নাগরিকত্বের জন্য ভুয়ো কাগজ ব্যবহার না করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আমি যদি উপরোক্ত কোনও একটি পদক্ষেপ নিই তবে কি আমাকে বহিষ্কার করা হতে পারে?
আপনি যদি এখন মার্কিন নাগরিক, আইনত স্থায়ী বসবাসকারী হন বা বৈধ ভিসাধারী হন, আপনি জাল নথির ভিত্তিতে, আপনার ভিসার শর্তাদি লঙ্ঘন করে বা কিছু অপরাধ সংঘটিত করে মার্কিন যুক্তরাষ্ট্রে না এলে আপনাকে বহিষ্কার করা হবে না।

আপনার যদি কাগজপত্র না থেকে থাকে বা আপনার অভিবাসনের স্থিতি সম্পর্কে অনিশ্চিত হন তবে আপনি নিজের স্থিতিটি আইনত করতে পারেন কিনা তা দেখতে কোনও অভিবাসনের উকিলের সহায়তা চাওয়া উচিত। আপনার স্বামী/ঘনিষ্ঠ সঙ্গী যদি আপনার বিরুদ্ধে INS-এ রিপোর্ট করে,বহিষ্কার নাও হতে পারে, সঙ্গে সঙ্গে হবে না এবং বেশিরভাগ ক্ষেত্রে, আপনার কেসটি কোনও বিচারকের কাছে উপস্থিত করার সুযোগ থাকবে।

আমি যদি কোনও পদক্ষেপ গ্রহণ করি তবে কি আমার স্বামী/ঘনিষ্ঠ সঙ্গীকে কি বহিষ্কার করা হবে?
শেল্টার বা আইনজ্ঞদের কাছে সহায়তা প্রার্থনার ফলে আপনার স্বামী/সঙ্গীর বহিষ্কারের সম্ভাবনা অত্যন্ত কম। আপনার নিজের প্রতি এবং আপনার সন্তানের নিরাপত্তার প্রতি মনোযোগ রাখা জরুরী। আপনার স্বামী/ঘনিষ্ঠ সঙ্গী এই কাজগুলি করে নিজেকে বিপদে ফেলছে।

> **স্বাস্থ্য:** কিছু গুরুত্বপূর্ণ স্বাস্থ্য পরীক্ষা এবং মূল্যায়ন রয়েছে যা প্রত্যেকের জন্যই প্রয়োজনীয়। আপনি যদি ঘরোয়া হিংসার শিকার হয়ে থাকেন এবং আপনার স্বাস্থ্য সম্পর্কে এবং কীভাবে স্বাস্থ্য যত্ন পাবেন সে বিষয়ে আরও জানতে চান, আপনি কোনও অ্যাডভোকেটের সাথে কথা বলতে পারেন।